# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫০২২

৩৭/ নিদ্রা সম্পর্কীয় (كتاب النوم)

পরিচ্ছেদঃ ১৭. সন্দেহ দূর করা- সম্পর্কে।

باب فِي رَدِّ الْوَسْوَسَةِ

আরবী

حَدَّثَنَا عَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ، حَدَّثَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا عِكْرِمَةُ، - يَعْنِي ابْنَ عَمَّارٍ - قَالَ حَدَّثَنَا أَبُو زُمَيْلٍ، قَالَ سَأَلْتُ ابْنَ عَبَّاسٍ فَقُلْتُ مَا شَىْءٌ أَجِدُهُ فِي صَدْرِي قَالَ مَا هُوَ قُلْتُ وَاللَّهِ مَا أَتَكَلَّمُ بِهِ . قَالَ فَقَالَ لِي أَشَىْءٌ مِنْ شَكٍّ قَالَ وَضَحِكَ . قَالَ مَا نَجَا مِنْ ذَلِكَ أَحَدٌ - قَالَ - حَتَّى أَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ ‏(‏ فَإِنْ كُنْتَ فِي شَكٍّ مِمَّا أَنْزَلْنَا إِلَيْكَ فَاسْأَلِ الَّذِينَ يَقْرَءُونَ الْكِتَابَ مِنْ قَبْلِكَ ‏)‏ الآيَةَ قَالَ فَقَالَ لِي إِذَا وَجَدْتَ فِي نَفْسِكَ شَيْئًا فَقُلْ ‏(‏ هُوَ الأَوَّلُ وَالآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَىْءٍ عَلِيمٌ ‏)‏

বাংলা

৫০২২. আব্বাস ইবন আবদুল আযীম (রহঃ) .... আবূ যামীল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি ইবন আব্বাস (রাঃ)-কে জিজ্ঞাসা করিঃ আমি আমার অন্তরে যা অনুভব করি, তা কি? তিনি বলেনঃ সেটি কি? আমি বলিঃ আল্লাহ্‌র শপথ! আমি সে সম্পর্কে কিছু বলবো না। তিনি জিজ্ঞাসা করেনঃ তা কি সন্দেহ? রাবী বলেন; এরপর তিনি হাসেন এবং বলেনঃ এ থেকে কেউ-ই নিস্তার পায়নি। এমন কি মহান আল্লাহ্‌ এ আয়াত নাযিল করেনঃ যদি তোমার সন্দেহ থাকে, যা আমি তোমার প্রতি নাযিল করেছি-তাতে; তবে তুমি তাদের জিজ্ঞাসা কর, যারা কিতাব পড়ে, তোমার আগে। রাবী বলেনঃ তখন ইবন আব্বাস (রাঃ) আমাকে বলেনঃ যখন তুমি তোমার অন্তরে সন্দেহের কিছু অনুভব করবে, তখন এ আয়াত তিলাওয়াত করবেঃ তিনিই আদি, তিনিই অন্ত, তিনিই প্রকাশ্য এবং তিনিই অপ্রকাশ্য। আর তিনি সব কিছুই জানেন।

## English

Narrated Abdullah ibn Abbas:

AbuZumayl said: I asked Ibn Abbas, saying: What is that I find in my breast? He asked: What is it? I replied: I swear by Allah, I cannot speak about it. He

asked me: Is it something doubtful? and he laughed. He then said: No one could escape that, until Allah, the exalted, revealed: "If thou went in doubt as to what we have revealed unto thee, and ask those who have been reading the Book from before thee." He said: If you find something in your heart, say: He is the first and the Last, the Evident and the Immanent, and He has full knowledge of all things.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37128

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন